দৈনিক ইনকিলাব

23 MAR 2003

ইরাকে ইঙ্গ-মার্কিন হামলার নিন্দা

# আসন্ন দাখিল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের ব্যবস্থা নিন

## —জমিয়াতুল মোদার্রেছীন

প্রেস বিজ্ঞপ্তি : গতকাল শনিবার বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের কেন্দ্রীয় কার্যালয়ে সভাপতি মাওলানা এম এ মান্নানের সভাপতিত্বে সংগঠনের স্ট্যান্ডিং কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় অমানবিক ও অযৌক্তিকভাবে ভ্রাতৃপ্রতিম দেশ ইরাকের ওপর ইঙ্গ-মার্কিন হামলার নিন্দা জানানো হয়। সভায় সর্বসম্মতভাবে আসন্ন দাখিল পরীক্ষা নকলমুক্ত ও সুষ্ঠু

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## জমিয়াতুল মোদার্রেছীন

৮-এর পৃষ্ঠার পর

পরিবেশে অনুষ্ঠানের নিমিত্তে যথাযথ সক্রিয় ভূমিকা পালনের জন্য হল সুপার, হল সচিব, মাদ্রাসার শিক্ষক-অভিভাবকসহ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট কমিটির সকলের প্রতি আহবান জানানো হয়। স্ট্যান্ডিং কমিটির সভা পরিচালনা করেন মহাসচিব মাওলানা এম এ লতিফ, উপস্থিত ছিলেন, কমিটির সদস্য মাওলানা রুহুল আমীন খান, মাওলানা মইনুল আবেদীন, মাওলানা নূর মোহাম্মদ খান, মাওলানা মুহাঃ ইউনুস, মাওলানা শাব্বির আহমদ মোমতাজী, মাওলানা সফি উদ্দিন ভূঁইয়া ও মাওলানা কাসিম উদ্দিন প্রমুখ।